দৈনিক সংবাদ

তারিখ ... 19 APR 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ২ ...

৩।

## পটুয়াখালীতে যশোর বোর্ডের কর্মকর্তাদের বিরুদ্ধে মামলা

পটুয়াখালী, ১৮ই এপ্রিল (নিজস্ব সংবাদদাতার ফোন)।– জেলার সদর ও গলাচিপা থানার ৯টি হাইস্কুলের ১৬৮ জন এসএসসি পরীক্ষার্থীর প্রবেশপত্র যশোর বোর্ড থেকে না পাঠানোর কারণে পরীক্ষার্থীরা বোর্ডের ৬ জন কর্মকর্তার বিরুদ্ধে সদর ও গলাচিপা থানায় ২টি মামলা করেছে। ৬ জন কর্মকর্তার মধ্যে বোর্ডের চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রক, সচিব ও পরিদর্শক রয়েছেন।

পটুয়াখালী ঃ পৃঃ ৮ কঃ ৪

## পটুয়াখালী ঃ মামলা

(১ম পৃষ্ঠার পর)

মামলার প্রেক্ষিতে আজ গলাচিপার সহকারী জজ মাকসুদুর রহমান এক আদেশে 'বাদিগণের আসন্ন এসএসসি পরীক্ষা কেন গ্রহণ করা হবে না এই মর্মে বিবাদিগণের প্রতি ৭ দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশ জারি করেছেন। এছাড়া মামলার শুনানি না হওয়া পর্যন্ত পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণের জন্য পরীক্ষা কমিটির প্রতি নির্দেশ দেয়া হয়েছে।